



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
**রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**  
 রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।  
 (টেলিফোন:+৮৮-০২৫৮৮৮-৬৬৭৯৮, ফ্যাক্স-:+৮৮-০২৫৮৮৮-৬৭১০৫)  
 E-mail: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

স্মারক নং- ৩৪৫১

তারিখ : ২৪ মাঘ, ১৪৩২  
 ০৭ ফেব্রুয়ারী, ২০২৬


**- : অফিস আদেশ : -**

অত্র বিশ্ববিদ্যালয়ের ক্লাশসমূহ আগামী ১৯/০২/২০২৬ খ্রিঃ হইতে ২০/০৩/২০২৬ খ্রিঃ পর্যন্ত মোট ৩০ (ত্রিশ) দিন পবিত্র রমজান অবকাশ উপলক্ষে বন্ধ থাকিবে। অবকাশকালীন সময়ে রোষ্টার ডিউটির তালিকা যথাশীঘ্র সম্ভব জরুরী ভিত্তিতে অত্র দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল ডিন, বিভাগীয় প্রধান, পরিচালক, হল প্রভোস্ট, শাখা প্রধান এবং ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা যাইতেছে। উক্ত সময়ে শ্রান্তি বিনোদন ছুটি ভোগ করা যাইবে। এতদ্ব্যতীত ২১/০২/২০২৬ খ্রিঃ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৪/০৩/২০২৬ খ্রিঃ হইতে ২৫/০৩/২০২৬ খ্রিঃ পর্যন্ত পবিত্র শব-ই-ক্বদর, জুমাতুল বিদা, ঈদ-উল-ফিতর এবং ২৬/০৩/২০২৬ খ্রিঃ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে অত্র বিশ্ববিদ্যালয় বন্ধ থাকিবে। তবে জরুরী বিভাগসমূহের (পানি, বিদ্যুৎ, গ্যাস, মেডিকেল, নিরাপত্তা ও ইন্টারনেট ইত্যাদি) কাজ যথারীতি চলিবে। অবকাশের পর সকল ক্লাশসমূহ আগামী ২৮/০৩/২০২৬ খ্রিঃ হইতে শুরু হইবে এবং ক্লাশ ও অফিসের সময়সূচী পূর্বের ন্যায় বলবৎ থাকিবে। উল্লেখ্য যে, অবকাশকালীন সময়ে অত্র বিশ্ববিদ্যালয়ে নিম্নরূপ অফিস সময়সূচী পালন করা হইবে।

**সকল কর্মদিবস**

সকাল ৯:৩০ ঘটিকা হইতে বিকাল ৩:৩০ ঘটিকা পর্যন্ত  
 (দুপুর ১:০০ ঘটিকা হইতে ১:৩০ ঘটিকা পর্যন্ত বিরতি)

উল্লেখ্য যে, রমজান অবকাশকালীন সময়ে পরীক্ষাসমূহ যথারীতি পূর্ব ঘোষিত সময়সূচী মোতাবেক অনুষ্ঠিত হইবে এবং পরীক্ষাসমূহে দায়িত্বপ্রাপ্ত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের লক্ষ্যে কর্মক্ষেত্রে উপস্থিত থাকিতে হইবে।

আদেশক্রমে,  
  
 (আরিফ আহম্মদ চৌধুরী)  
 রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
 রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।


স্মারক নং- ৩৪৫১/৫০

তারিখ : ২৪ মাঘ, ১৪৩২  
 ০৭ ফেব্রুয়ারী, ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান : -

- ১। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা \_\_\_\_\_, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়।  
 -উল্লিখিত বিষয়টি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অন্তর্ভুক্তকরণের অনুরোধসহ।
- ৫। সকল শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। নিরাপত্তা শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। মাননীয় ভাইস-চ্যান্সেলরের একান্ত সহকারী, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয় ও উহার হলসমূহ।
- ৯। সংরক্ষণ নথি।
- ১০। নথি।

-স্ব স্ব নিয়ন্ত্রণাধীন শিক্ষক,  
 কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে  
 অবহিতকরণের অনুরোধসহ।

  
 (মোঃ সদর উদ্দীন)  
 অতিরিক্ত রেজিস্ট্রার  
 রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।